দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ঢাকা

তারিখ 16 AUG 1989
পৃষ্ঠা ২ কলাম ৪

# ছাত্রদের নকলের বিরুদ্ধে সোচ্চার হইতে হইবে

—রওশন এরশাদ

বাসস : ফার্স্ট লেডি বেগম রওশন এরশাদ ছাত্রদের নকল প্রবণতার বিরুদ্ধে সোচ্চার হইয়া সামাজিক অনাচারের বিরুদ্ধে প্রবল জনমত গড়িয়া তোলার আহ্বান জানাইয়াছেন।

## রওশন এরশাদ

(১ম পৃঃ পর)

দেশের চারটি বোর্ডে ১৯৮৯ সনে গৃহীত পরীক্ষায় যে সব ছাত্র-ছাত্রী শীর্ষস্থান দখল করিয়াছে, তাহাদের সম্বর্ধনা জ্ঞাপনের জন্য গতকাল (মঙ্গলবার) ওসমানী মিলনায়তনে শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণদানকালে তিনি এই আহ্বান জানান। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সম্বর্ধনা সভায় শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী, শিক্ষা সচিব হেদায়েত আহমদ এবং দুইজন কৃতী ছাত্র-ছাত্রী—মোস্তফা মোহাম্মদ রিয়াদ এবং তৌহিদা খাতুন বক্তব্য রাখেন।

বেগম রওশন এরশাদ বলেন, পরীক্ষার হলে নকল করার প্রবণতার ফলে দেশের শিক্ষাঙ্গনের পবিত্রতা নষ্ট হইয়া গিয়াছিল। তিনি বলেন, ছেলেমেয়েদের এই নীতিহীন কাজ হইতে নিবৃত্ত করার জন্য পদক্ষেপ গ্রহণ করিতে হইবে। তিনি ছাত্রদের রাজনীতি পরিহার করিয়া পড়াশোনায় মনোযোগী হওয়ার আহ্বান জানান। তিনি ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে বলেন : তোমরা জাতির দর্পণ। দেশের ভবিষ্যৎ তোমাদের উপর নির্ভর করিতেছে। দেশে মাদক দ্রব্যের অপব্যবহারের উল্লেখ করিয়া তিনি বলেন, দেশের বৃহত্তর যুব সমাজকে মাদকদ্রব্যের অভিশাপ হইতে রক্ষা করিতে হইবে। বেগম রওশন এরশাদ মহিলাদের মধ্যে শিক্ষা বিস্তারের মাধ্যমে তাহাদের স্বনির্ভর করিয়া তোলার উপরও গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, তাহাদের উপযুক্ত শিক্ষা দিতে হইবে—যাহাতে তাহারা সংসারের উপর বোঝা না হইয়া দাঁড়ায়। সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজনকারীদের ধন্যবাদ জানাইয়া তিনি বলেন, ইহার ফলে অন্য ছাত্ররা পরীক্ষায় উন্নত ফল লাভের ব্যাপারে উদ্বুদ্ধ হইবে।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন, এই প্রথমবারের মত প্রতিভাবান ছাত্রদের সম্বর্ধনা জানাইবার জন্য শিক্ষা মন্ত্রণালয় একটি অনুষ্ঠানের আয়োজন করিয়াছে। প্রতিভাবান ছাত্রদের দেশের যোগ্য নাগরিক হিসাবে গড়িয়া তোলার ব্যাপারে প্রেসিডেন্ট এরশাদের সরকার সব সময় প্রেরণা জোগাইয়া যাইবে। নিতাই রায় চৌধুরী বলেন, পূর্ববর্তী সরকারগুলি ছাত্রদের হাতে বই-পুস্তক এবং ফুলের পরিবর্তে অস্ত্রপাতি তুলিয়া দিয়াছে। তিনি বলেন, পূর্ববর্তী সরকারগুলি তাহাদের আমলে শিক্ষাঙ্গনে আইন-শৃংখলা পরিস্থিতির সৃষ্টি করিয়াছিল। পরে ফার্স্ট লেডি ছাত্রদের হাতে উপহারসামগ্রী তুলিয়া দেন।